

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮৩২

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ (১০) মক্কা থেকে মিনার উদ্দেশ্যে বের হওয়া - তারবিয়ার দিনে হাজির জন্য মক্কায় নয় বরং মিনায় যোহর নামায পড়া মুস্তাহাব বলে উল্লেখ করা হয়েছে।

10 - بَابُ الْخُرُوجِ مِنْ مَكَّةَ إِلَى مَنَى - ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْحَاجِّ أَنْ يُصَلِّيَ الظُّهْرَ يَوْمَ التَّرْوِيَةِ بِمَنَى لَا بِمَكَّةَ

আরবী

3832 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ السَّامِيُّ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ حَنْبَلٍ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ الْأَزْرَقِيُّ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ الثَّوْرِيُّ عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ رُفَيْعٍ قَالَ: سَأَلْتُ أَنَسَ بْنَ مَالِكٍ: أَخْبَرَنِي عَنْ شَيْءٍ عَقَلْتُهُ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَيْنَ صَلَّى الظُّهْرَ يَوْمَ التَّرْوِيَةِ؟ قَالَ: بِمَنَى قَالَ: قُلْتُ: فَأَيْنَ صَلَّى الظُّهْرَ يَوْمَ النَّفَرِ؟ قَالَ: بِالْأَبْطَحِ. الراوي : جَابِرُ بْنُ عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3832 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1670): ق.

বাংলা

৩৮৩২. আব্দুল আযীয বিন রুআইফি' থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আনাস বিন মালিক রাদিয়াল্লাহু আনহুকে জিজ্ঞেস করে বলি, “আপনি আমাকে এমন একটি বিষয় সম্পর্কে অবহিত করুন, যা আপনি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে আয়ত্ত্ব করেছেন। তিনি তারবিয়ার দিন (৮ই যুল হিজ্জাহ) কোথায় যোহরের সালাত আদায় করেছেন?” তিনি বলেন, “মিনায়।” রাবী বলেন, “আমি বললাম, আচ্ছা, প্রত্যাবর্তনের দিন তিনি যোহরের সালাত কোথায় আদায় করেছেন?” জবাবে তিনি বলেন, “আবতাহ নামক জায়গায়।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/১০০; দারেমী: ২/৫৫; সহীহুল বুখারী: ১৬৫৩; সহীহ মুসলিম: ১৩০৯; আবু দাউদ:

১৯১২; তিরমিযী: ৬৬৪; নাসাঈ: ৫/২৪৯-২৫০; ইবনুল জারুদ: ৪৯৪; সুনান বাইহাকী: ৫/১১২; বাগাবী: ১৯২৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৬৭০)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93171>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন